গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ২০৬

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০২ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

# ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে শোভন কর্মসংস্থান সৃজনের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে আগ্রহী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলি অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০১. | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন (অনাবাসিক)<br>মেয়াদ-৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৬০,<br>৬৩টি জেলা (৭০টি কেন্দ্র) :<br>মৌলভীবাজার জেলা ব্যতিত ঢাকা-৬টি, গাজীপুর-২টি, চট্টগ্রাম-২টি এবং অবশিষ্ট ৬০টি জেলায় ৬০টি কেন্দ্র। | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০২. | প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন (অনাবাসিক)<br>মেয়াদ-৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>৪টি বিভাগীয় শহরে ৫টি কেন্দ্র<br>ঢাকা-০২টি, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা -০১টি কেন্দ্র | ১০০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৩. | ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং (অনাবাসিক)<br>মেয়াদ-৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>৫৮টি জেলায় ৫৯টি কেন্দ্রঃ<br>খাগড়াছড়ি, কক্সবাজার, মৌলভীবাজার, পিরোজপুর, গোপালগঞ্জ, ও কুমিল্লা ব্যতিত অবশিষ্ট ৫৮টি জেলায় ৫৯টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৪. | ইলেকট্রনিক্স (অনাবাসিক)<br>মেয়াদ-৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>৬০টি জেলায় ৬১ টি কেন্দ্রঃ<br>নোয়াখালী, ব্রাহ্মণবাড়িয়া, মৌলভীবাজার ও রাঙ্গামাটি জেলা ব্যতিত অবশিষ্ট ৬০টি জেলায় ৬১টি কেন্দ্র, (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৫. | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং (অনাবাসিক)<br>মেয়াদ-৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৩০,<br>৫৮টি জেলায় ৫৯টি কেন্দ্রঃ<br>চাঁদপুর, পটুয়াখালী, ভোলা, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও মৌলভীবাজার জেলা ব্যতীত অবশিষ্ট ৫৮টি জেলায় ৫৯টি কেন্দ্র (ঢাকা-২টি কেন্দ্র) | ৩০০/- | অষ্টম শ্রেণি পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৬. | মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন (অনাবাসিক)<br>মেয়াদ-৬ মাস (০১ জুলাই হতে ৩১ ডিসেম্বর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৪০,<br>১৯টি জেলায় ২৪ টি কেন্দ্রঃ<br>ঢাকা-৪টি, রাজশাহী-২টি, খুলনা-২টি, মাদারীপুর, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, ময়মনসিংহ, রংপুর, দিনাজপুর, পাবনা, বগুড়া, যশোর, বরিশাল পিরোজপুর, পটুয়াখালী, কুষ্টিয়া, কুমিল্লা ও কুড়িগ্রাম জেলা কার্যালয় ০১টি কেন্দ্র) | ৫০০/- | এইচ,এস,সি বা সমমানের পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |

পাতা/২

| নং | প্রশিক্ষণ কোর্স/ ট্রেডের নাম | কোর্স ফি | শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | সাক্ষাৎকারের তারিখ |
|---|---|---|---|---|
| ০৭. | "পোশাক তৈরি", (অনাবাসিক)<br>মেয়াদ-৩ মাস (০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫,<br>৫৮ জেলায় ৬৪টি কেন্দ্রঃ<br>টাঙ্গাইল, লক্ষীপুর, চাঁদপুর, মৌলভীবাজার, সিলেট ও কক্সবাজার জেলা ব্যতিত অবশিষ্ট ৫৮টি জেলায় ৬৪টি কেন্দ্র (ঢাকা-৬টি, গাজীপুর-২টি) | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৮. | "ব্লক বাটিক ও স্ক্রিন প্রিন্টিং ", (অনাবাসিক)<br>মেয়াদ-৪ মাস (০১ জুলাই হতে ৩১ অক্টোবর, ২০২৫), প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-২৫,<br>০৫টি জেলায় ০৯টি কেন্দ্রঃ<br>ঢাকা-৫টি, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম ও খুলনা জেলায় ০১টি করে কেন্দ্র | ৫০/- | অষ্টম শ্রেণি পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |
| ০৯. | "গবাদিপশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি" বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (আবাসিক)<br>মেয়াদ-০৩ মাস (০১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর, ২০২৫) প্রতি কেন্দ্রে আসন সংখ্যা-৬০<br>৬৪টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র | ১০০/- (জামানত ১০০/- ফেরত যোগ্য) | অষ্টম শ্রেণি পাস | ২৪-২৭ জুন ২০২৫ স্ব-স্ব জেলাকার্যালয় |

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:

ক) বর্ণিত ট্রেডে ভর্তির আবেদন জমা দেয়ার শেষ তারিখ ২৩ জুন, ২০২৫খ্রি. এবং প্রশিক্ষণ শুরু ০১ জুলাই, ২০২৫খ্রি.।

খ) বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর।

গ) যুব সংগঠন কর্তৃক মনোনীত যুবক এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) আবেদনকারী/প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

ঙ) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি সংগে আনতে হবে।

চ) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধি, অটিস্টিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভুক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

ছ) সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোনো প্রকার টি,এ/ডি,এ দেয়া হবে না।

জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঝ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

ঞ) আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

ট) এটুআই (a2i) এর সাথে যৌথভাবে NiSE³ ভুক্ত সকল জেলা অনলাইনে https://dyd.nise.gov.bd/courses লিংকে গিয়ে আবেদন করা যাবে।

ঠ) প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়/ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে অনলাইনে উল্লিখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

(ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

(খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।

(গ) প্রশিক্ষণকালীন সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে প্রতিপালন করতে হবে।

(ঘ) তাত্ত্বিক ক্লাশগুলো সশরীরে এবং ব্যবহারিক ক্লাশগুলো বিভিন্ন গ্রুপে বিভক্ত করে প্রশিক্ষণ পরিচালনা করা হবে।

(ঙ) ক্রমিক নং ১) কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন ও ২) প্রফেশনাল গ্রাফিক্স ডিজাইন বিষয়ক কোর্স ব্যতিত সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন। বাজেট প্রাপ্তি সাপেক্ষে উল্লেখিত ২টি কোর্সে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

(চ) ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

পাতা/৩

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ**

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ জেলা)
* কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র (নিজ জেলা)।
* উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (নিজ উপজেলা)।

০২.০৬.২০২৫

(এ কে এম মফিজুল ইসলাম)
পরিচালক ( প্রশিক্ষণ)
ফোন: ০২-২২৩৩৮০৭০৩
E-mail: dirtraining@dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩- ২৬৬

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০২ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। পরিচালক/প্রকল্প পরিচালক-------------------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), অ্যাসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

০৩। মাননীয় উপদেষ্টার ব্যক্তিগত কর্মকর্তা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০৪। সচিবের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০৫। যুগ্মসচিব (যুব) এর ব্যক্তিগত কর্মকর্তা (যুগ্মসচিব (যুব) মহোদয়ের সদয় অবগতির জন্য), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০৬। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ------------------------(সকল)জেলা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তি জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা মৎস্য, প্রাণিসম্পদ, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা পরিষদ, উপজেলা সমাজসেবা, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা মৎস্য, কৃষি, প্রাণিসম্পদ কার্যালয়, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ইউনিয়ন ভূমি অফিসে প্রেরণ এবং নিবন্ধিত যুব সংগঠনসহ সকল সরকারি ও বেসরকারি সংস্থাসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তিটি প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে স্থানীয়ভাবে সাক্ষাতের তারিখ নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে নির্ধারিত তারিখে অবশ্যই প্রশিক্ষণ শুরু করতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীর সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no, ই-মেইল ঠিকানা ভর্তির সময় বাধ্যতামূলকভাবে সংরক্ষণ ও ডাটাবেজ তৈরি করতে হবে।

০৭। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর-----------------------------(১০টি কেন্দ্র)।

০৮। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর----------------------------(৫৪টি কেন্দ্র)।

০৯। প্রোগ্রামার, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

১১। অফিস কপি।

০২.০৬.২০২৫

(শাহাব উদ্দিন সরকার)
উপপরিচালক (প্রশিক্ষণ-২)
ফোন নং ০২২২৩৩৫৮৩৭৫।
E-mail: ddtraining@dyd.gov.bd